

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য ও চন্দ্র গ্রহণ প্রত্যক্ষ করার সময় সালাত আদায় করার সাথে সাথে দু'আ-ইস্তিগফার করার নির্দেশ ذِكْرُ الْأَمْرِ بِالدُّعَاءِ وَالِاسْتِغْفَارِ مَعَ الصَّلَاةِ عِنْدَ رُوْيَةِ كُسُوفِ الشَّمْسِ وَالْقَمَرِ

আরবী

2825 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو لَمْنِ رَسُولِ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ عَنْ أَبِي مُوسَى قَالَ: كَسَفَتِ الشَّمْسُ زَمَنِ رَسُولِ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ فَزِعًا خَشِينَا أَنْ تَكُونَ السَّاعَةُ حَتَّى أَتَى الْمَسْجِدَ فَقَامَ فَصَلَّى بِأَطْوَلِ قِيَامٍ وَسَلَّمَ فَقَامَ فَصَلَّى بِأَطْوَلِ قِيَامٍ وَسَلَّمَ فَقَامَ فَرَعًا خَشِينَا أَنْ تَكُونَ السَّاعَةُ حَتَّى أَتَى الْمَسْجِدَ فَقَامَ فَصلَلَى بِأَطْوَلِ قِيَامٍ وَسُجُودٍ مَا رَأَيْتُهُ يَفْعَلُ فِي صَلَاةٍ قَطُّ ثُمَّ قَالَ: (إِنَّ هَذِهِ الْآيَاتِ النَّتِي يُرْسِلُ اللَّهُ لَا يَتَكُونُ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَلَكِنَّ اللَّهَ يُرْسِلُهَا يُخَوِّفُ بِهَا عِبَادَهُ فَإِذَا رَأَيْتُمْ مِنْهَا شَيْئًا فَافْزَعُوا إِلَى ذكره ودعائه واستغفاره)

الراوي: أَبُو مُوسَى المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2825 | خلاصة حكم المحدث: صحيح ـ ((جزء الكسوف)): م.

বাংলা

২৮২৫. আবৃ মূসা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামের সময়ে সূর্য গ্রহণ লাগে। অতঃপর তিনি ভীত-সন্ত্রন্ত্র হয়ে দাঁড়ান, এমনকি আমরা আশংকা করলাম যে, হয়তো কিয়ামত সংঘটিত হয়ে যাবে। অতঃপর তিনি মাসজিদে আসেন। তারপর তিনি দাঁড়িয়ে এতো দীর্ঘতর কিয়াম, রুকু' ও সাজদার মাধ্যমে সালাত আদায় করেন, এরকম আর কোন সালাতে তাঁকে এরকম করতে দেখিনি। তারপর তিনি বলেন, "এসব নিদর্শনগুলি আল্লাহ পাঠান, যা কারো বেঁচে থাকা অথবা মৃত্যুবরণ করার কারণে হয় না। বরং আল্লাহই তা পাঠান তাঁর বান্দাদেরকে সতর্ক করার জন্য। যখন তোমরা এর কোন কিছু দেখবে, তখন তোমরা দ্রুত যিকর, দু'আ ও ইস্তিগফারের দিকে ধাবিত হও।"[1]

ফুটনোট



[1] সহীহুল বুখারী: ১০৫৯; সহীহ মুসলিম: ৯১২; নাসাঈ: ৩/১৫৩-১৫৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (জুযউল কুসূফ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন